গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.১৮.১২.১৯ (অংশ)-১৩৪৬

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৯' এ উপস্থিতি প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকার বিজ্ঞপ্তি নং-৬৫৪-এ, তারিখঃ ১৯/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ শনিবার ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৯' অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া, সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের **মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি** বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত সম্মেলনে বাংলাদেশের **প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন** সভাপতিত্ব করবেন। সম্মেলনে অতিথি হিসেবে সরকারের একাধিক মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, আগামী ০৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ শনিবার ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৯ এ সকাল ৮.০০ ঘটিকার মধ্যে আইন ও বিচার বিভাগে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে (সংযুক্ত কর্মকর্তাগণসহ) অত্র অফিস আদেশ ও সূত্রোক্ত পত্রের কপিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। আইন ও বিচার বিভাগে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে সম্মেলন কেন্দ্রে প্রবেশকালে ব্যাগ, ব্রিফকেস, ক্যামেরা, মোবাইল ফোন বা অন্য কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি বহন না করার জন্য অনুরোধ করা হলো।

০১.১২.২০১৯

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. যুগ্ম-সচিব (প্রশাসন-১/২/মতামত/সলিসিটর), আইন ও বিচার বিভাগ।
২. উপ-সচিব (প্রশাসন-১/২/(মতামত-২/৩/৪)/রেজিস্ট্রেশন/বাজেট ও উন্নয়ন/উপ-সলিসিটর (দেওয়ানী)/ রীট-১/২/ উপ-সলিসিটর (প্রশাসন)/ উপ-সলিসিটর (জিপি/পিপি)/ উপ-সলিসিটর (এটি/এএটি)/উপ-সলিসিটর (ফৌজদারী), আইন ও বিচার বিভাগ।
৩. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪/৫/৬/৭/৮/মতামত ও ডাইজেস্ট/বাজেট/উন্নয়ন/ ফৌজদারী/দেওয়ানী/এটি/এএটি/রীট-১/২/ সলঃ প্রঃ), আইন ও বিচার বিভাগ।
৪. সংযুক্ত কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. যুগ্ম-সচিব (প্রঃ-১/২)/সলিসিটর/(বাজেট ও উন্নয়ন)/মতামত মহাদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬. উপ-সচিব (প্রঃ-১/২)/ বাজেট/উন্নয়ন/ মতামত-৩/২/রেজিঃ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭. অফিস কপি।